# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 29-01-2025 Time: 7-50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ–

১) মহাকুম্ভে এখন অমৃত স্নান চলছে। আজ সকালের দুর্ঘটনায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী শোক প্রকাশ করেছেন। দিল্লীর রেসিডেন্ট কমিশনারের দপ্তর থেকে একটি প্রতিনিধি দলকে প্রয়াগরাজ যাওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

২) আর জি কর হাসপাতালে চিকিৎসক পড়ুয়া ধর্ষণ ও খুনের মামলায় নির্যাতিতার পরিবারকে নতুন করে আবেদনের নির্দেশ প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চের।

৩) রাজ্য সরকার মুড়িগঙ্গা নদীতে প্রস্তাবিত গঙ্গাসাগর সেতু নির্মাণের জন্য জমি অধিগ্রহণের পরিবর্তে সরাসরি কিনে নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

৪) বেপরোয়া বাস চালানো রুখতে বিশেষ অ্যাপ চালু করছে রাজ্য সরকার। আইন লঙ্ঘনের ক্ষেত্রে বাতিল হবে লাইসেন্স।

৫) রাজ্যে জিবি সিন্ড্রোম জনিত পরিস্থিতির পর্যালোচনায় আজ স্বাস্থ্য ভবনে জরুরী বৈঠক হয়েছে।

৬) পশ্চিমী ঝঞ্ঝা ও ঘূর্ণাবর্তের জেরে রাজ্যে আগামী কয়েকদিন উর্ধ্বমুখী থাকবে তাপমাত্রা।

৭) ইডেনে রঞ্জি ট্রফির গ্রুপ লীগ পর্বের ম্যাচে আগামীকাল বাংলা পাঞ্জাবের মুখোমুখি হচ্ছে।

---------------------------------------------------------------------------------------------

উত্তরপ্রদেশের প্রয়াগরাজের মহাকুম্ভে মৌনি অমাবস্যা উপলক্ষ্যে আজ চার কোটিরও বেশি পুন্যার্থী পুন্যস্নান করেছেন। ব্যপক জনসমাগমের প্রেক্ষিতে ভোর রাতে পদপিষ্ট হওয়ার ঘটনায় ৩০ জন প্রাণ হারিয়েছেন, ৯০ জন আহত হয়েছেন বলে জানা গেছে।

এই ঘটনায় এই রাজ্যের বেশ কয়েকজন নিখোঁজ হয়েছেন বলে খবর। পূর্ব বর্ধমানের কাটোয়ার সুদপুরের বাসিন্দা আলপনা হালদারের কোন খোঁজ পাওয়া যাচ্ছে না বলে সরকারি সূত্রে জানা গিয়েছে। এদিকে এই ঘটনায় শিলিগুড়ির এক যুবকও আহত হয়েছেন বলে খবর। দীনেশ পন্ডিত নামে শিলিগুড়ির বিধান মার্কেট এলাকার বাসিন্দা ঐ যুবকের চিকিৎসা হয়েছে বলে খবর। তবে তার সঙ্গে থাকা ৩ সঙ্গীর এখনো কোন খোঁজ মেলেনি।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এই ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন। এক্স হ্যান্ডেলে এক পোস্টে তিনি বলেন, পদপিষ্ট হয়ে অন্ততঃ ১৫ জনের মৃত্যু হয়েছে। নিহতদের পরিবারের প্রতিও তিনি সমবেদনা জানিয়েছেন। গঙ্গাসাগর মেলায় রাজ্য সরকার যে ভাবে নজরদারি ও ব্যবস্থাপনা রাখে, কুম্ভেও এত বিশাল সংখ্যক মানুষের জমায়েতের জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা দরকার ছিলো বলেও তিনি মত প্রকাশ করেছেন।

মহাকুম্ভের দুর্ঘটনা নিয়ে উত্তরপ্রদেশ সরকারের সঙ্গে প্রতিনিয়ত যোগাযোগ রাখছে নবান্ন। দিল্লির রেসিডেন্ট কমিশনারকে নবান্নের তরফে নির্দেশ দেওয়া হয়েছে, প্রয়াগ-

বিপর্যয়ের ঘটনায় বাংলার কেউ আটকে আছেন কিনা, সে বিষয়ে খতিয়ে খোঁজ খবর নিতে। উত্তর প্রদেশ সরকারের সঙ্গে যোগাযোগ করতে বলা হয়েছে তাঁকে। শেষ পাওয়া খবর অনুযায়ী দিল্লির রেসিডেন্ট কমিশনারের দফতর থেকে এক প্রতিনিধি দল যাচ্ছে।

--------------------------

মহাকুম্ভের দুর্ঘটনা নিয়ে মুখ্যমন্ত্রীর বক্তব্যকে কটাক্ষ করেছেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। মহাকুম্ভের সঙ্গে গঙ্গাসাগর মেলার আয়োজনের তুলনা করে তিনি আসলে এই আয়োজনকেই ছোট করতে চাইছেন বলে শুভেন্দু বাবু উল্লেখ করেন। অমৃতস্নানে এক দিনে ৫ কোটিরও বেশি মানুষের সমাবেশ আর কোথাও হয় কিনা, সেই প্রশ্নও তুলেছেন তিনি।

পদপিষ্ট হওয়ার ঘটনায় শোক প্রকাশ করেছেন বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। তিনি নিহতদের পরিবারের প্রতি সমবেদনা জানানোর পাশাপাশি আহতদের দ্রুত আরোগ্য কামনা করেছেন। দলের মুখপাত্র তথা রাজ্যসভার সাংসদ শমিক ভট্টাচার্য্য জানালেন,

বাইট

প্রদেশ কংগ্রেসও এই ঘটনায় গভীর শোক প্রকাশ করে বিবৃতি দিয়েছে। মহাকুম্ভের মত এত বড় মেলায় পরিকাঠামো গত ত্রুটি ছিল বলে তারা আভিযোগ করেছে।

--------------------------

কলকাতার আর জি কর হাসপাতালে চিকিৎসক পড়ুয়া ধর্ষণ ও খুনের ঘটনায় নির্যাতিতার পরিবারকে নতুন করে আবেদন করার নির্দেশ দিয়েছে প্রধান বিচারপতির

ডিভিশন বেঞ্চ। তদন্তকারী সংস্থা সিবিআই-এর ওপর অনাস্থা প্রকাশ করে নির্যাতিতার পরিবার মামলা দায়ের করেছিল। প্রধান বিচারপতি সঞ্জীব খান্না, বিচারপতি সঞ্জয় কুমার এবং বিচারপতি কে ভি বিশ্বনাথনের বেঞ্চ আজ আর জি কর ইস্যুতে নির্যাতিতার পরিবারের আবেদনটি শোনেন। ডিভিশন বেঞ্চ জানায় যেহেতু ইতোমধ্যেই এই মামলায় একটি রায় হয়েছে, তাই নির্যাতিতার পরিবারকে নতুন করে আবেদন করতে হবে। শীর্ষ আদালতের নির্দেশ মেনে অভয়ার পরিবার ফের আবেদন জানাবে বলে সূত্রের খবর।

--------------------------

চিকিৎসকদের হেনস্থার অভিযোগে ওয়েস্ট বেঙ্গল মেডিক্যাল কাউন্সিলের সামনে আজ বিক্ষোভ কর্মসূচীর ডাক দিয়ে ওয়েস্ট বেঙ্গল ডক্টরস ফোরাম। সেখানে জমায়েত এবং অবস্থান করেন সংগঠনের সদস্যরা।

হুমকি সংস্কৃতি, বেআইনিভাবে রেজিস্ট্রারকে অপসারণ, দুর্নীতির সঙ্গে যুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ সহ একাধিক দাবিতেই চিকিৎসকদের ৫ টি সংগঠন- জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টরস ওয়েস্ট বেঙ্গল ও অভয়া মঞ্চের আই কর্মসূচি। তাঁদের দাবি, বিগত ৫ বছর ধরে, অবৈধভাবে কাউন্সিলে একজনকেই রেজিস্ট্রার পদে রেখে দেওয়া হয়েছে।

--------------------------

দ্রব্যমূল্য বৃদ্ধি, বেকারত্ব, প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে স্বচ্ছ নিয়োগ প্রক্রিয়া চালু, আরজি করে ঘটে যাওয়া নারকীয় ঘটনার প্রতিবাদ সহ একাধিক বিষয় নিয়ে সারা ভারত ফরওয়ার্ড ব্লক আজ এক প্রতিবাদ মিছিলের ডাক দেয়। কলকাতার মহাজাতি সদন থেকে মিছিল শুরু হয়ে ধর্মতলা পর্যন্ত যায়। অভয়ার জন্য ন্যায় বিচারের দাবিতে মিছিল

সিবিআই দপ্তরের দিকে এগিয়ে যেতে থাকলে ধর্মতলার ডোরিনা ক্রসিং -এ পুলিশ আটকে দেয়। ব্যারিকেড ভেঙে মিছিল এগিয়ে গেলে, নিউ মার্কেট ও লিডসে স্ট্রিটের সামনে পুলিশ ফের বাধা দেয়। ফরওয়ার্ড ব্লক কর্মী সমর্থকরা রাস্তায় বসে অবস্থান শুরু করে। দলের দাবি সনদ সিবিআই দপ্তরে পৌঁছে দেওয়ার আশ্বাস পুলিশের থেকে পাওয়ার পর অবস্থান প্রত্যাহার করা হয়।

-------------------------

রাজ্য সরকার মুড়িগঙ্গা নদীতে প্রস্তাবিত গঙ্গাসাগর সেতু নির্মাণের জন্য কোনও জমি অধিগ্রহণ করবে না। এজন্য প্রয়োজনীয় ১৩ একর জমি সরাসরি কিনে নেওয়া হবে বলে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। রাজ্য মন্ত্রিসভা ইতিমধ্যেই পূর্ত দফতরকে বাজার দর অনুযায়ী জমি কেনার ছাড়পত্র দিয়েছে বলে প্রশাসনিক সূত্রে খবর। সেতু নির্মাণের জন্য কাকদ্বীপে প্রায় আট একর এবং কচুবেড়িয়ায় পাঁচ একর জমি চিহ্নিত করা হয়েছে।

প্রসঙ্গত সাগরদ্বীপের সঙ্গে মূল ভূখণ্ডের সড়কপথে যোগাযোগ গড়ে তুলতে প্রায় পাঁচ কিলোমিটার দীর্ঘ, চার লেনের সেতু তৈরির কথা ঘোষণা করেছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। সেতু নির্মানে আনুমানিক খরচ ১ হাজার ৪৩৮ কোটি। সেতু নির্মানের বিস্তারিত প্রকল্প রিপোর্ট তৈরির কাজও শেষ হয়েছে বলে জানা গেছে। বর্ধমানের দামোদর নদীর উপরে ৩৪৮ কোটি টাকা ব্যয়ে ৬৪০ মিটার দীর্ঘ শিল্প সেতু তৈরিরও সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার।

রাজ্য সরকার আসন্ন বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনের মঞ্চ থেকে দক্ষিণবঙ্গে প্রস্তাবিত নতুন দুটি সেতু শিলান্যাসের সিদ্ধান্ত নিয়েছে। বর্ধমানের দামোদর নদীর উপরে ৩৪৮ কোটি টাকা ব্যয়ে ৬৪০ মিটার দীর্ঘ শিল্প সেতু তৈরির সিদ্ধান্ত নিয়েছে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আগামী পাঁচই ফেব্রুয়ারি বিশ্ববাংলা কনভেনশন সেন্টারে প্রস্তাবিত দুই দিনের সম্মেলনের প্রথম দিনেই গঙ্গাসাগর সেতু ও শিল্প সেতুর শিলান্যাস করবেন বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

-------------------------

বেপোরোয়াভাবে বাস চালানোর কারণে মৃত্যুর ঘটনা রুখতে, বাস চালকদের উপর নজরদারির জন্য রাজ্য সরকার বিশেষ app চালু করছে। পথ নিরাপত্তা সপ্তাহ উপলক্ষ্যে আজ সল্টলেকে এক অনুষ্ঠানে পরিবহন মন্ত্রী স্নেহাসিশ চক্রবর্তী এই খবর জানিয়েছেন। এই app এর মাধ্যমে সরকারি ও বেসরকারি বাসচালকরা কত গতিতে বাস চালাচ্ছেন, তাঁরা ট্রাফিক আইন ভাঙছেন কিনা তা দেখা যাবে। প্রথমবার আইন ভাঙলে সংশ্লিষ্ট বাস চালককে সতর্ক করা হবে, তারপরও নিয়ম লঙ্ঘন করলে লাইসেন্স বাতিল করে দেওয়া হবে বলেও মন্ত্রী জানিয়েছেন।

বাইট

আগামী কয়েকদিনের মধ্যেই এই app চালু হবে। স্নেহাশিস বাবু বলেন, সেফ ড্রাইভ, সেভ লাইফ কর্মসূচির ফলে রাজ্যে পথ দুর্ঘটনা ও দুর্ঘটনাজনিত মৃত্যুর সংখ্যা উল্লেখযোগ্যভাবে কমেছে। কলকাতায় পথ দুর্ঘটনা ও দুর্ঘটনায় মৃত্যুর সংখ্যাও দেশের মেট্রো শহরগুলির মধ্যে সবচেয়ে কম বলে মন্ত্রী দাবি করেন। অনুষ্ঠানে পরিবহন দপ্তরের সচিব সৌমিত্র মোহন, দপ্তরের প্রতিমন্ত্রী দিলীপ মন্ডল, দমকলমন্ত্রী সুজিত বসু, বিধাননগরের মেয়র কৃষ্ণা চক্রবর্তী প্রমুখ উপস্থিত ছিলেন। পথ নিরাপত্তা নিয়ে সচেতনতার বার্তা ছড়িয়ে দিতে এক স্বেচ্ছাসেবী সংগঠনের উদ্যোগে আয়োজিত

সাইকেল rally র এদিন সূচনা হয়। উল্লেখ্য, রাজ্য পরিবহন দপ্তর ২৭ শে জানুয়ারি থেকে ৩১ শে জানুয়ারি পর্যন্ত পথ নিরাপত্তা দিবস পালন করছে।

--------------------------

জিবি সিন্ড্রোম এ আক্রান্ত হয়ে একজনের মৃত্যুর খবরের প্রেক্ষিতে আজ স্বাস্থ্য ভবনে জরুরি বৈঠক বসে। স্বাস্থ্য সচিব নারায়ন স্বরূপ নিগমের পৌরহিত্যে এই বৈঠকে রাজ্যে রোগের বর্তমান অবস্থা নিয়ে খোঁজখবর নেওয়া হয়। বিভিন্ন হাসপাতালের সুপার, জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকরা ছাড়াও সংক্রমন, স্নায়ু, শিশু রোগ বিশেষজ্ঞরা বৈঠকে উপস্থিত ছিলেন বলে স্বাস্থ্য দপ্তর সূত্রে খবর। রাজ্যের কোন নতুন এলাকা থেকে এই রোগে আক্রান্ত হওয়ার খবর আসছে কিনা তার উপরে নজর রাখা ছাড়াও সবাইকে সতর্ক থাকার কথা বলা হয়েছে। এই রোগের কোন ভ্যাকসিন না থাকায় উপসর্গ নিয়ে কোন রোগী হাসপাতালে ভর্তি হলে দ্রুত চিকিৎসা শুরু করার নির্দেশ দেওয়া হয়েছে । পাশাপাশি রোগ নিয়ে যাতে গুজব না ছড়ায় সেইদিকেও নজর দেওয়ার কথা বলা হয়েছে।

--------------------------

জাতির জনক মহত্মা গান্ধীর প্রয়ান বার্ষিকী আগামীকাল রাজ্য সরকার শহীদ দিবস হিসাবে পালন করবে। এই উপলক্ষ্যে উত্তর চব্বিশ পরগনার ব্যারাকপুরের গান্ধীঘাটে এক অনুষ্ঠানে গান্ধী স্মারক সৌধে পুষ্প স্তবক দিয়ে শ্রদ্ধা জানাবেন রাজ্যপাল সিভি আনন্দ বোস এবং সাংসদ পার্থ ভৌমিক। এরপরে কলকাতার মেয়ো রোডে গান্ধী মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানাবেন রাজ্যপাল ও কৃষিমন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়। আলিপুর জেল মিউজিয়ামের সামনে এক অনুষ্ঠানে গান্ধী স্মারক সৌধে মালা দিয়ে শ্রদ্ধা

জানাবেন মেয়র ফিরহাদ হাকিম। নবান্ন ও বিধানসভা ভবনেও দিনটি যথাযোগ্য মর্যাদার সাথে পালন করা হবে।

---------------------------

রাজ্য সরকার বাংলার নিজস্ব ক্ষুদ্র ও কুটির শিল্পকে পর্যটকদের সামনে তুলে ধরতে আগামী দিনে প্রতিটি জেলায় একটি করে ছোট মার্কেট কমপ্লেক্স তৈরির পরিকল্পনা করেছে। স্বনির্ভর গোষ্ঠীগুলির হাতে সেই মার্কেট কমপ্লেক্স তুলে দেওয়া হবে। সেখানে গোষ্ঠীর সদস্যরা তাঁদের তৈরি সামগ্রী বিক্রি করতে পারবেন। প্রথম পর্যায়ে সাতটি জেলায় এমন মার্কেট কমপ্লেক্স তৈরি হবে বলে পূর্ত ও জনস্বাস্থ্য কারিগরি মন্ত্রী পুলক রায় জানিয়েছেন। প্রসঙ্গত রাজ্যের সমস্ত জেলা সদরে বিশেষ শপিং মল গড়ে তোলার সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। সেখানে স্বনির্ভর গোষ্ঠী গুলিকেও নিজেদের পণ্য বিক্রি করার জন্য আলাদা জায়গা দেওয়া হবে। রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এব্যাপারে নীতিগত সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এজন্য জমি চিহ্নিত করার কাজ ইতিমধ্যেই শেষ হয়েছে।

---------------------------

জাতীয় সংবাদ পত্র দিবস উপলক্ষে কলকাতা প্রেস ক্লাবে আজ এক আলোচনা চক্রের আয়োজন করা হয়। বক্তব্য রাখেন কলকাতার প্রাক্তন শেরিফ উৎপল চ্যাটার্জী। সিস্টার নিবেদিতা বিশ্ববিদ্যালয়ের গণমাধ্যম ও সাংবাদিকতার পড়ুয়ারা এতে যোগ দেন।

উল্লেখ্য ১৭৮০ সালে ২৯ শে জানুয়ারি হিকি সাহেবের বেঙ্গল গেজেট প্রকাশিত হয়। এই দিনটিকেই জাতীয় সংবাদ পত্র দিবস হিসাবে পালন করা হয়ে থাকে।

---------------------------

পশ্চিমী ঝঞ্ঝা ও বাংলাদেশে থাকা ঘূর্নাবর্তের জেরে উত্তুরে হাওয়া বাধাপ্রাপ্ত হওয়ায় রাজ্যে তাপমাত্রা বৃদ্ধি পাবে। আগামী কয়েকটি দিন রাজ্যে প্রায় সর্বত্রই আবহাওয়া শুষ্ক থাকবে। উত্তরবঙ্গে দার্জিলিং ও কালিম্পং-এ আজ বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। সম্ভাবনা রয়েছে, তুষারপাতেরও। তবে, সরস্বতী পুজো অবধি আকাশ পরিচ্ছন্নই থাকবে।

এদিকে, কলকাতা সহ দক্ষিণবঙ্গে সকালে বিভিন্ন জায়গা ঘন কুয়াশায় ঢেকে যায়। মেদিনীপুর, পুরুলিয়া সহ বিভিন্ন জেলায় যান চলাচলে প্রভাব পড়ে।

এদিকে, বাঁকুড়ার আকাশ সকাল থেকেই মেঘলা। আজ জেলার সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৪ ডিগ্রি সেলসিয়াস।

--------------------------

উত্তরাখন্ডের দেরাদুনে আজ জাতীয় গেমসের দ্বিতীয় দিনে দেবেশ সাউ উসুতে বাংলাকে প্রথম পদক এনে দিয়েছেন। একটি প্রতিবেদন

ভয়েসকাস্ট

--------------------------

ইডেনে রঞ্জি ট্রফি ক্রিকেটের গ্রুপ লিগ পর্বের ম্যাচে আগামীকাল বাংলা, পাঞ্জাবের মুখোমুখি হচ্ছে। দুই দলেরই গ্রুপ লিগ পর্বে এটাই শেষ ম্যাচ। বাংলা ৬ ম্যাচে ১৪ পয়েন্ট সংগ্রহ করে গ্রুপ সি তে পয়েন্ট তালিকায় চতুর্থ স্থানে আছে। কোয়ার্টার ফাইনালে যেতে হলে বাংলাকে শেষ ম্যাচ জিততেই হবে। পাশাপাশি তাকিয়ে থাকতে হবে, অন্য ম্যাচের ফলাফলের উপরও। গত ম্যাচে হরিয়ানার কাছে পরাজিত

হওয়ায়, বাংলার নকআউটে যাওয়ার রাস্তা কঠিন হয়ে গেছে। সমসংখ্যক ম্যাচ খেলে **১১** পয়েন্ট সংগ্রহ করে গ্রুপে সপ্তম স্থানে আছে পাঞ্জাব।

-------------------------- --------------------------